জয়পুরহাট জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির আগস্ট-২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোহাম্মদ জাকির হোসেন
জেলা প্রশাসক
জয়পুরহাট

স্থানঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখঃ ০৬/০৮/২০১৯ খ্রি., সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' দ্রষ্টব্য

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় সন্ত্রাস ও নাশকতা বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। আলোচনা পর্বে জানা যায়, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধসহ জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি ও টহল অব্যাহত রাখার পাশাপাশি প্রয়োজনীয় সকল ধরণের সতর্কতা অবলম্বন ও প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। পবিত্র ঈদ-উল আযহা এবং ১৫ আগস্ট সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়। এছাড়া জেলায় আগত/অবস্থানরত বিদেশি নাগরিকসহ ক্ষুদ্র-নৃ গোষ্ঠি ও সংখ্যালঘু সম্প্রদায় যাতে নিরাপদে ও নির্বিঘ্নে জীবনযাপন করতে পারে সে দিকে সতর্ক দৃষ্টি রাখাসহ তাদের সার্বিক নিরাপত্তার বিষয়ে গোয়েন্দা নজরদারী বৃদ্ধি করতে হবে। জেলার সকল পর্যায়ে গঠিত 'আইন-শৃঙ্খলা' এবং 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ' কমিটির নিয়মিত সভা করে বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণ এবং তা বাস্তবায়নেরও অনুরোধ জানানো হয়। এছাড়াও ইসলামিক ফাউন্ডেশনের তত্বাবধানে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে মসজিদের খতিব ও মাদ্রাসার সুপারগণকে নিয়ে মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখাসহ জুম্মার নামাজের খুৎবাপূর্ব বয়ানে সম্মানিত ইমামগণ কর্তৃক আল কোরআন ও হাদিসের আলোকে সন্ত্রাস, নাশকতা, জঙ্গিবাদ, মাদক, গুজব ও ডেঙ্গু প্রতিরোধ সংক্রান্ত বক্তব্য উপস্থাপন করার অনুরোধ জানানো হয়। বিস্তারিতভাবে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১.	আইন-শৃঙ্খলা রক্ষা এবং জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	ক) জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে বিশেষ সতর্কতা অবলম্বনসহ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল, গোয়েন্দা নজরদারি ও তল্লাশী অভিযান অব্যাহত রাখতে হবে। খ) সন্ত্রাস, জঙ্গিবাদ, গুজব ও ডেঙ্গু প্রতিরোধে স্থানীয় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। গ) ইসলামিক ফাউন্ডেশন সম্মানিত ইমামগণকে নিয়ে উপজেলা পর্যায়ে সমাবেশ করে সরকারি নির্দেশনা অনুসরণপূর্বক সন্ত্রাস ও জঙ্গিবাদ, মাদক, গুজব ও ডেঙ্গু প্রতিরোধে জুম্মার নামাজের খুৎবা পূর্ব বয়ানে বক্তব্য প্রদানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের নের্তৃত্বে সার্বিক বিষয় তত্ত্বাবধান করবেন।	১) পুলিশ সুপার,জয়পুরহাট ২) অধিনায়ক, ২০ বিজিবি, জয়পুরহাট ৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার জয়পুরহাট ৪) কোম্পানি অধিনায়ক, র‍্যাব ক্যাম্প জয়পুরহাট ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৬) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি ৭) উপ-পরিচালক, এনএসআই ৮) উপ-পরিচালক,ইসলামিক ফাউন্ডেশন
২	সংখ্যালঘু সম্প্রদায় ও বিদেশি নাগরিকদের নিরাপত্তা	সংখ্যালঘু সম্প্রদায়, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং জেলায় আগত/অবস্থানরত বিদেশী নাগরিকদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি অব্যাহত রাখাসহ তাদেরকে সতর্কতার সাথে চলাচলের পরামর্শ দিতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২)কোম্পানি অধিনায়ক, র‍্যাব ক্যাম্প ৩)উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৪)উপ-পরিচালক,এনএসআই,জয়পুরহাট ৫) অফিসার ইনচার্জ, সকল থানা
৩.	সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভাকরণ	ক) সকল পর্যায়ে গঠিত ''সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি''-র কার্যক্রম সক্রিয় রেখে নিয়মিত মাসিক সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। স্থানীয় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ) উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের কমিটির সার্বিক কার্যক্রম মনিটরিং করবেন।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) উপ-পরিচালক, স্থানীয় সরকার ৩) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ৪) মেয়র, পৌরসভা (সকল) ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

পরিশেষে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে সকলের সম্মিলিত ও আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৬.১৯- ১০৭০ তারিখ: ১৭ /০৮/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি অবগতি/কার্যার্থে :

০৫। ....
....
....

(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৫২